অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

নং- ৫৫.০০.০০০০.১১২.১৪.০৭৭.২২-১৪

তারিখঃ ০৫ মাঘ, ১৪৩২ বাং
১৯ জানুয়ারি, ২০২৬ খ্রি:

## প্রকল্প স্টিয়ারিং কমিটির ১১তম সভার কার্যবিবরণী

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির ১১তম সভা গত ১৪/০১/২০২৬ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় এ বিভাগের সচিব ড. হাফিজ আহমেদ চৌধুরী এর সভাপতিত্বে অনলাইন কনফারেন্স এ্যাপ (Zoom) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৯/০১/২৬
(মোঃ তৌহিদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
(পরিকল্পনা ও উন্নয়ন)
টেলিফোন-৫৫১০০৯০৯
ই-মেইল: ds.planning@legislativediv.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: যুগ্মসচিব, বাজেট -৭)।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান)।
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: পরিচালক, সেক্টর-৩)।
৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান)।
৫। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান)।
৬। যুগ্মপ্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭। প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৮। যুগ্মসচিব (প্রশাসন), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৯। উপ-প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
২। প্রোগ্রামার, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (কার্যবিবরণীর কপি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৩। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

বিষয়: "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির ১১তম সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির ১১তম সভা কমিটির সভাপতি ও এ বিভাগের সচিব ড. হাফিজ আহমেদ চৌধুরী এর সভাপতিত্বে গত ১৪/০১/২০২৬ তারিখে বেলা ১০:০০ ঘটিকায় অনলাইন এবং সরাসরি উভয় ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হয়। সভায় এ বিভাগসহ বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন (সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট- 'ক'তে সংযুক্ত)।

২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্টিয়ারিং কমিটির সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG Target -16.b (Promote and enforce non-discriminatory laws and policies for sustainable development) এর লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে এ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি এ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উচ্চ অগ্রাধিকারভুক্ত একমাত্র প্রকল্প। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক জি. এম. আতিকুর রহমান জামালীকে অনুরোধ করেন।

৩। প্রকল্প পরিচালক উল্লেখ করেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG বাস্তবায়নকল্পে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পের উল্লেখযোগ্য উদ্দেশ্যসমূহ হচ্ছে- মানসম্মত ও বিশ্বমানের আইন প্রণয়নের লক্ষ্যে অভ্যন্তরীণ ও বৈদেশিক উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ এবং লজিস্টিক সাপোর্টের মাধ্যমে লেজিসলেটিভ ড্রাফটিং এ দক্ষ ও প্রশিক্ষিত জনবল গড়ে তোলা, নির্বাচিত ২৫০টি আইন ইংরেজি থেকে বাংলায় এবং বাংলা থেকে ইংরেজিতে অনুবাদ করা, এ বিভাগের কর্মকর্তাবৃন্দের আইন বিষয়ে অধ্যয়নের জন্য মানসম্মত লাইব্রেরি ও ই-লাইব্রেরি স্থাপন, Law Public Awareness Cell গঠন ও শক্তিশালীকরণ, অধঃস্তন আইনসমূহ চিহ্নিতকরণপূর্বক কোডিফিকেশন ও হালনাগাদ করে কোড আকারে প্রকাশ ও ওয়েবসাইটে প্রকাশ, মূল আইনসমূহ হালনাগাদ করে বাংলাদেশ কোড ওয়েবসাইটে আপলোড এবং লজ অব বাংলাদেশ এর নতুন অধিক ক্যাপাসিটিসম্পন্ন ওয়েবসাইট প্রস্তুত, সংরক্ষণ ও ব্যবস্থাপনা, বাংলায় আইন প্রণয়ন পদ্ধতি এবং আইনের ব্যবহারশাস্ত্র (Jurisprudence) সংবলিত লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়ন, সাংবিধানিক ও আইনি অধিকার বিষয়ে জনসাধারণকে সচেতন করা। প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় মোট ৩৮৭৮.৯২ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই, ২০২২ হতে জুন, ২০২৬ পর্যন্ত।

৪। প্রকল্পটির এডিপি বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় জানানো হয় যে, ২০২২-২৩ অর্থ বছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)'তে ১২০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল, যার মধ্যে ব্যয়যোগ্য বরাদ্দ ৯৯.৭৭ লক্ষ টাকা। জুন, ২০২৩ পর্যন্ত সময়ে উক্ত অর্থ হতে মোট ৯৫.৮১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, যা মোট বরাদ্দের প্রায় ৮০% এবং মোট ব্যয়যোগ্য বরাদ্দের ৯৬%।

প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'তে ২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। পরবর্তীতে আরএডিপিতে ২৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। জুন, ২০২৪ পর্যন্ত সময়ে উক্ত অর্থ হতে মোট ২৩৭.৮৯ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, যা মোট বরাদ্দের ৯৫.১৬%।

**২০২৪-২৫ অর্থ বছর:**

প্রকল্পটির অনুকূলে ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)'তে ৪০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ৩০/০৬/২০২৫ পর্যন্ত সময়ে উক্ত অর্থ হতে মোট ৩৫৪.৮২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, যা মোট বরাদ্দের ৮৮.৭১%। আরএডিপি বাস্তবায়ন অগ্রগতির সংক্ষিপ্ত বিবরণী নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| ২০২৪-২৫ অর্থ বছরের আরএডিপিতে বরাদ্দ | অর্থ অবমুক্তি (৪র্থ কোয়ার্টার পর্যন্ত) | ৩০/০৬/২০২৫ পর্যন্ত সময়ে আরএডিপি বাস্তবায়ন অগ্রগতি | মোট বাজেট বরাদ্দের বিপরীতে খরচের শতকরা হার (%) | ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাজেট বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার (%) |
|---|---|---|---|---|
| ৪০০.০০ | ৪০০.০০ | ৩৫৪.৮২ | ৭৮.৮৫% | ৮৮.৭১% |

**২০২৫-২৬ অর্থ বছর:**

প্রকল্পটির অনুকূলে ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'তে ৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ৩১/১২/২০২৫ পর্যন্ত সময়ে উক্ত অর্থ হতে মোট ১২৬.৬৯ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, যা মোট বরাদ্দের ২৫.৩৪%। এডিপি বাস্তবায়ন অগ্রগতির সংক্ষিপ্ত বিবরণী নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| ২০২৫-২৬ অর্থ বছরের এডিপিতে বরাদ্দ | অর্থ অবমুক্তি (১ম ও ২য় কোয়ার্টার পর্যন্ত) | ৩১/১২/২০২৫ পর্যন্ত সময়ে এডিপি বাস্তবায়ন অগ্রগতি | মোট বাজেট বরাদ্দের বিপরীতে খরচের শতকরা হার (%) | ১ম ও ২য় কিস্তি বাজেট বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার (%) |
|---|---|---|---|---|
| ৫০০.০০ | ২৫০.০০ | ১২৬.৬৯ | ২৫.৩৪% | ৫০.৬৮% |

৫। সভায় আরো জানানো হয় যে, অদ্যাবধি প্রকল্পের নিম্নরূপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে:

- প্রকল্পের আওতায় কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সীমিত বাজেট বরাদ্দের আলোকে **৩৯টি স্থানীয় প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে ৫টি প্রশিক্ষণে মোট ১৬২ জন, ২০২৩-২৪ অর্থবছরে ১৬টি প্রশিক্ষণে মোট ৩৩০ জন এবং ২০২৪-২৫ অর্থ বছরে ১৮ টি প্রশিক্ষণে মোট ৩৪৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, যার মধ্যে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তা ৫২ জন**। নতুন যোগদানকৃত সহকারী সচিব (ড্রাফটিং) পর্যায়ের ১৪ জন কর্মকর্তার জন্য ৭ দিন ব্যাপি দুইটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। **এছাড়া**, 'সংবিধান এবং আইন প্রণয়ন পদ্ধতি' বিষয়ে **প্রশিক্ষণ প্রদানের জন্য ১৫টি মন্ত্রণালয়/বিভাগের** ৩০ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।
- প্রশিক্ষণের বিষয়সমূহের মধ্যে সংবিধান এবং আইন প্রণয়ন পদ্ধতি, SDG & Legislative Drafting Technique, Legislative Process and Technique: International Law and Constitutional perspective, E-File Management, Digital-File Management, স্মার্ট অফিস ব্যবস্থাপনায় কম্পিউটার, সুশাসন ও নৈতিকতা, সেবা সহজীকরণ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, Service Rules and Service Regulations Making Process, পাবলিক প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট ও বাজেট ব্যবস্থাপনা ইত্যাদি উল্লেখযোগ্য।
- সাংবিধানিক ও আইনি অধিকার সম্পর্কে ঢাকার বাহিরে জেলা পর্যায়ে ১৩টি সচেতনতামূলক ওয়ার্কশপ (মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, সিলেট, কক্সবাজার, সিরাজগঞ্জ, নরসিংদী, শরীয়তপুর, শেরপুর, কুমিল্লা, কুষ্টিয়া, কিশোরগঞ্জ ও পঞ্চগড় জেলায় এবং চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলায়) এবং ৫টি স্টেকহোল্ডার কনসালটেশন (মানিকগঞ্জ, যশোর, পটুয়াখালী, রাজশাহী ও কক্সবাজার জেলায়) অনুষ্ঠিত হয়েছে।
- ১৩টি সচেতনতামূলক ওয়ার্কশপে মোট ৯৮৭জন এবং ৫টি স্টেকহোল্ডার কনসালটেশনে মোট ৪২৮জন কর্মকর্তা/প্রতিনিধি অংশগ্রহণ করেছেন।
- উক্ত ওয়ার্কশপ এবং স্টেকহোল্ডার কনসালটেশনে সুশীল সমাজের প্রতিনিধি, নির্বাচিত জনপ্রতিনিধি, মানবাধিকার কর্মী, স্থানীয় প্রশাসনের প্রতিনিধি, বিচার বিভাগীয় কর্মকর্তা, পুলিশের প্রতিনিধি, আইনজীবী, এনজিও প্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিনিধি, প্রতিবন্ধী/ দরিদ্র ও অবহেলিত নারী-শিশুদের প্রতিনিধিবৃন্দসহ এ বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।
- প্রকল্প কর্তৃক আয়োজিত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক কর্মশালা গত ১২/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় এ বিভাগ ও অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের ৬৬ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

- নির্বাচিত ১২০টি আইন ইংরেজি হতে বাংলায় এবং বাংলা হতে ইংরেজিতে অনুবাদের লক্ষ্যে ২টি প্যাকেজের পরামর্শক প্রতিষ্ঠান কাজ করছে। চুক্তির শর্ত মোতাবেক প্যাকেজ-১ (SD-6) এর পরামর্শক প্রতিষ্ঠান উক্ত প্যাকেজের সকল আইনের অনুবাদের সংশোধিত খসড়া এবং প্যাকেজ-২ (SD-7) এর পরামর্শক প্রতিষ্ঠান উক্ত প্যাকেজের সকল আইনের অনুবাদের সংশোধিত খসড়া দাখিল করেছে, যা এ লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক যাচাই করা হয়েছে। কমিটির মতামতের আলোকে এ সকল আইনের অনুবাদ খসড়া চূড়ান্ত করা হবে।

- বাংলায় লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়নের লক্ষ্যে নির্বাচিত পরামর্শক প্রতিষ্ঠানের সাথে গত ১০/০৭/২০২৪ তারিখে চুক্তি সম্পাদিত হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী পরামর্শক প্রতিষ্ঠানের কাজ চলমান রয়েছে।

- Development and Maintenance of Laws of Bangladesh ওয়েবসাইট স্থাপনের লক্ষ্যে বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয়ের জন্য সম্মিলিত কারিগরি ও আর্থিক প্রস্তাব মূল্যায়নে সর্বোচ্চ স্কোর অর্জনকারী পরামর্শক প্রতিষ্ঠান Soft BD Ltd এর সাথে গত ০২/০১/২০২৫ তারিখে চুক্তি সম্পাদিত হয়েছে। উক্ত চুক্তি অনুযায়ী গঠিত প্যানেলের কার্যক্রম চলমান আছে।

- বিদ্যমান অধস্তন আইনসমূহ চিহ্নিতকরণ ও একীভূতকরণপূর্বক কোড আকারে প্রস্তুতের লক্ষ্যে বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয়ের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে ৫টি প্যাকেজের (SD-1 to SD-5) মধ্যে প্যাকেজ নং SD-1 এর কারিগরি ও আর্থিক মূল্যায়নে ১ম স্কোর অর্জনকারী প্রতিষ্ঠান এর দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের চেয়ে অধিক মূল্য দাখিল করায় নিগোসিয়েশনের জন্য আমন্ত্রণ না জানানোর জন্য সুপারিশ করা হয়। প্যাকেজ নং (SD-2 to SD-4) এর কারিগরি ও আর্থিক মূল্যায়নে ১ম স্কোর অর্জনকারী প্রতিষ্ঠানের সাথে নিগোসিয়েশনের কার্যক্রম চলমান রয়েছে। প্যাকেজ নং SD-5 এর ক্ষেত্রে NESSA LAW FIRM কারিগরি মূল্যায়নে কোয়ালিফাইং স্কোর অর্জন না করায় আর্থিক প্রস্তাব মূল্যায়নের জন্য সুপারিশ করা হয়নি।

- সক্ষমতা বৃদ্ধির অংশ হিসেবে এ বিভাগের কর্মকর্তাদের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ১৮টি ল্যাপটপ, ৭টি ডেস্কটপ কম্পিউটার ও ৮টি প্রিন্টার প্রদান করা হয়েছে। এ বিভাগের পরিবহন পুলস্থ সভা কক্ষের জন্য ১টি এসিসহ মোট ৬টি এসি, ১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, ১টি স্ক্যানার, ৫০টি পেনড্রাইভ, এ বিভাগের লাইব্রেরীর জন্য ২টি ও কর্মকর্তাদের ব্যবহারের জন্য ২টি বুকসেল্ফ, মুদ্রণ ও প্রকাশনা শাখায় ব্যবহারের জন্য ৩ টি এমএস র‍্যাক, কর্মকর্তাদের ব্যবহারের জন্য ২ টি স্টিলের আলমিরা এবং এক্সিকিউটিভ টেবিল, এক্সিকিউটিভ ও ভিজিটর চেয়ারসহ প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহ করা হয়েছে। এ বিভাগের গবেষণা শাখায় ব্যবহারের জন্য ১টি ল্যাপটপ, ১টি হার্ডড্রাইভ, ১টি স্ক্যানার এবং বেশ কিছু সংখ্যক বই সরবরাহ করা হয়েছে।

- সাংবিধানিক ও আইনি অধিকার সম্পর্কে ১টি বুকলেট এবং ২টি লিফলেট প্রকাশ করা হয়েছে, যা বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে অংশীজনদের মধ্যে বিতরণ করা হচ্ছে। এছাড়া, বাজেট বরাদ্দের আলোকে অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।

৬। প্রকল্প পরিচালক জানান যে, বাংলায় লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়নের লক্ষ্যে নির্বাচিত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এ কার্যক্রমটি ত্বরান্বিত করার জন্য সভায় দিকনির্দেশনা প্রদান করা হয়। প্রকল্প পরিচালক আরো বলেন যে, নির্বাচিত ১২০টি আইন অনুবাদের লক্ষ্যে ২টি প্যাকেজের পরামর্শক প্রতিষ্ঠান কাজ করছে। চুক্তির শর্ত মোতাবেক পরামর্শক প্রতিষ্ঠান প্যাকেজ-১ (SD-6) এবং প্যাকেজ-২ (SD-7) এর আওতায় সকল আইনের অনুবাদের সংশোধিত খসড়া দাখিল করেছে, যা এ লক্ষ্যে গঠিত শুদ্ধতা যাচাই কমিটি/প্যানেল কর্তৃক যাচাই করা হয়েছে। কমিটির মতামতের আলোকে এ সকল আইনের অনুবাদের খসড়া চূড়ান্ত করা হবে।

৭। অত:পর প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি এবং কর্মপরিকল্পনা অনুযায়ী দিকনির্দেশনা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ, আইএমইডি এবং আইন ও বিচার বিভাগের প্রতিনিধিসহ কমিটির সদস্যবৃন্দ উক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় আইএমইডির সম্মানিত প্রতিনিধি প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে একটি সুস্পষ্ট ও সময়নির্ধারিত (Time Bound) অ্যাকশন প্ল্যান প্রণয়নের ওপর গুরুত্বারোপ করেন। তিনি সুনির্দিষ্টভাবে কোন কার্যক্রম কখন সম্পন্ন হবে তা উল্লেখপূর্বক অ্যাকশন প্ল্যান প্রস্তুত ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদান করেন।

সভায় আইন ও বিচার বিভাগের সম্মানিত প্রতিনিধি মত প্রকাশ করেন যে, প্রকল্পের আওতাভুক্ত কয়েকটি প্যাকেজে এখনো কনসালটেন্ট নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হয়নি। ফলে উক্ত প্যাকেজসমূহে কনসালটেন্ট নিয়োগ কার্যক্রম সম্পাদনসহ অবশিষ্ট কাজসমূহ যথাযথভাবে সম্পন্ন করতে পর্যাপ্ত সময়ের প্রয়োজন রয়েছে। এ প্রেক্ষিতে তিনি প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন।

এছাড়া ভৌত অবকাঠামো বিভাগের সম্মানিত প্রতিনিধি প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাবের ক্ষেত্রে পিআইসি (Project Implementation Committee)-কমিটির সুপারিশ গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। তিনি আরও মত প্রকাশ করেন যে, বারবার প্রকল্পের মেয়াদ বৃদ্ধির উদ্যোগ গ্রহণ না করে প্রকল্পের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বাস্তবসম্মতভাবে যতদিন সময় প্রয়োজন, ততদিনের জন্য একবারে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রণয়ন করা অধিক যুক্তিসঙ্গত হবে।

সভায় এই কমিটির সভাপতি ও বিভাগের সম্মানিত সচিব মহোদয় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত প্রস্তাব প্রণয়ন প্রক্রিয়া শুরু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। পরিশেষে সদস্যবৃন্দ কর্তৃক গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদানের জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান এবং প্রকল্পটি সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

৮। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৮.১ | (ক) Development and Maintenance of Laws of Bangladesh পুন:স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>(খ) Code of Delegated Legislation প্রণয়নের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | Development and Maintenance of Laws of Bangladesh ওয়েবসাইট স্থাপনের লক্ষ্যে বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয়ের জন্য পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>এছাড়া, বিদ্যমান অধস্তন আইনসমূহ চিহ্নিতকরণ, একীভূতকরণপূর্বক কোড আকারে প্রস্তুতের লক্ষ্যে বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয়ের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে ৫টি প্যাকেজের মধ্যে প্যাকেজ নং- SD-1 এর আওতায় কারিগরিভাবে রেসপনসিভ ২ টি প্রতিষ্ঠান ডিপিপিতে উল্লিখিত প্রাক্কলিত মূল্যের চেয়ে অধিক মূল্য দাখিল করায় নিগোসিয়েশনের জন্য আমন্ত্রণ জানানের অবকাশ নেই। প্যাকেজ নং (SD-2, SD-3 এবং SD-4) এর আওতায় পরামর্শক প্রতিষ্ঠান এর সাথে চুক্তি সম্পন্ন করা হয়েছে এবং উক্ত প্রতিষ্ঠানগুলো Inception Report দাখিল করেছে। প্যাকেজ নং- SD-5 এ ১টি প্রতিষ্ঠান RFP দাখিল করেছে, যা কোয়ালিফাইং স্কোর অর্জন না করায় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের আর্থিক প্রস্তাব মূল্যায়নের জন্য সুপারিশ করা হয়নি। প্যাকেজ নং- SD-1 এবং প্যাকেজ নং- SD-5 এর বিষয়ে দ্রুত পুন:দরপত্র প্রক্রিয়া শুরু করতে হবে। |
| ৮.২ | প্যাকেজ-১ (SD-6) এবং প্যাকেজ-২ (SD-7) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক আইনের অনুবাদ কার্যক্রম যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা/যাচাইপূর্বক নির্ভুলভাবে প্রকাশ করতে হবে। | নির্বাচিত ১২০টি আইন ইংরেজি হতে বাংলায় এবং বাংলা হতে ইংরেজিতে অনুবাদের লক্ষ্যে ২টি প্যাকেজের পরামর্শক প্রতিষ্ঠান অনুবাদের চূড়ান্ত খসড়া দাখিল করেছে। যাচাই বাছাই কমিটি কর্তৃক উহা যাচাই বাছাই পূর্বক সঠিক আছে মর্মে সুপারিশ প্রদান করা হয়েছে এবং প্রিন্টিং এর জন্য প্রেরণ করা হয়েছে। নির্বাচিত আইনের মধ্যে অবশিষ্ট ১৩০ টি আইনের প্যাকেজ ভিত্তিক তালিকা চূড়ান্ত করা হয়েছে এবং দরপত্র ডকুমেন্ট প্রণয়ন ও আগ্রহ ব্যক্তকরণ অনুরোধ বিজ্ঞপ্তি (EOI) উন্মুক্ত করা হয়েছে এবং নির্ধারিত তারিখে ০৭ টি প্রতিষ্ঠান (EOI) দাখিল করেছে। দ্রুত দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই কার্যক্রম সম্পন্ন করতে হবে। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৮.৩ | আইন প্রণয়ন এবং সংশ্লিষ্ট বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের পাশাপাশি অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাদের স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রম, বাজেট প্রাপ্তি সাপেক্ষে, অব্যাহত রাখতে হবে। কর্মকর্তাদের প্রশিক্ষণের বিষয়বস্তুতে Project Management বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে। এ বিষয়ে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের পরামর্শ গ্রহণ করতে হবে। | আইন প্রণয়ন এবং সংশ্লিষ্ট বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের পাশাপাশি অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের ৫২ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া, 'সংবিধান এবং আইন প্রণয়ন পদ্ধতি' বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য আরও ১৫টি মন্ত্রণালয়/বিভাগের ৩০ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।<br>বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এ বিভাগ এবং অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাদেরকে পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করতে হবে। |
| ৮.৪ | প্রকল্পের আওতায় ঢাকায় এবং ঢাকার বাইরে অনুষ্ঠিতব্য বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দকে অংশগ্রহণের জন্য পর্যায়ক্রমে আমন্ত্রণ জানাতে হবে। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে পিএসসি ও পিআইসি এর সদস্যবৃন্দকে অংশগ্রহনের জন্য আমন্ত্রণ জানাতে হবে। |
| ৮.৫ | নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করার লক্ষ্যে বাজেটে বরাদ্দ বাড়ানোর প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | এ বিষয়ে অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ৮.৬ | প্রকল্পের (Time Bound) অ্যাকশন প্লান প্রস্তুত করা। | প্রকল্পের অবশিষ্ট কর্যক্রমসমূহ নির্ধারিত সময় সীমার মধ্যে সম্পন্ন করার লক্ষ্য একটি সুস্পষ্ট ও সময় নির্ধারিত অ্যাকশন প্লান প্রণয়ন করতে হবে। |
| ৮.৭ | মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার নিমিত্ত যৌক্তিকভাবে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

৯। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৩/২০২৬

(ড. হাফিজ আহমেদ চৌধুরী)
সচিব
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
ও
সভাপতি
প্রকল্প স্টিয়ারিং কমিটি
আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং
আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প।